একটি অ্যাফিনিট গ্রুপ হল বন্ধুদের একটি সার্কেল যারা নিজেদেরকে একটি স্ব-শাসিত রাজনৈতিক শক্তি হিসেবে বুঝতে পারে। আইডিয়া বা ধারণাটা হল মানুষ যারা ইতোমধ্যে নিজেদেরকে চেনেন-জানেন এবং প্রত্যেকে একে অপরকে বিশ্বাস করেন তাদের উচিত একটি উঠতি পরিস্থিতি তাৎক্ষণিকভাবে এবং বিচক্ষণতার সঙ্গে মোকাবিলা করার জন্য একত্রে কাজ করা।

No Trace Project / No trace, no case. A collection of tools to help anarchists and other rebels **understand** the capabilities of their enemies, **undermine** surveillance efforts, and ultimately **act** without getting caught.

Depending on your context, possession of certain documents may be criminalized or attract unwanted attention. Be careful about what zines you print and where you store them.

# অ্যাফিনিটি গ্রুপ গঠন করবেন যেভাবে

## একটি অরাজ সংগঠনের অপরিহার্য উপাদান



**অ্যাফিনিটি গ্রুপ গঠন করবেন যেভাবে: একটি অরাজ সংগঠনের অপরিহার্য উপাদান**

**Original text in English**

How To Form an Affinity Group: Essential Building Blocks of Anarchist Organization

CrimethInc

2017

crimethinc.com/2017/02/06/how-to-form-an-affinity-group-the-essential-building-block-of-anarchist-organization

**Bengali translation**

crimethinc.com/2017/02/06/ayaaphinitti-grup-gtthn-krben-yebhaabe-ektti-araaj-sngtthner-aprihaary-upaadaan

**Layout**

No Trace Project

notrace.how/resources/#ayaaphinitti

কী ঘটবে সে বিষয়ে সিদ্ধান্ত নেয়া শুরু করে দিন। নির্বিকার দর্শকের মতো, কি করবেন তা করতে নির্দেশনা পাওয়ার অপেক্ষামান জীবনের দিকে যাবেন না। কী ঘটবে তা দেখতে চান সে বিষয়ে আলোচনা করার অভ্যাস গড়ে তুলুন এবং সে আইডিয়ারগুলোর বাস্তবে রূপ দিন।

একটি কাঠামো ছাড়া যা আইডিয়াকে অ্যাকশনে ভাসতে দেয়, কমরেড ছাড়া যাদের সঙ্গে তারা এটা নিয়ে আলোচনার ঝর বইয়ে দেবে, ব্রেইনস্ট্রোম করবে এবং মুহূর্ত তৈরি করবে, তাদের ছাড়া আপনি সম্ভবত পঙ্গু হয়ে যাবেন, আপনার নিজস্ব সক্ষমতা থেকে ঝরে পড়বেন; তাদের সঙ্গে আপনি সক্ষমতা দশগুণে কিংবা হাজার গুণে সমৃদ্ধ হতে পারে। “চিন্তাশীল, বিশ্বকে পরিবর্তন করতে প্রতিশ্রুতিবদ্ধ একটি ছোট্ট গ্রুপ সম্পর্কে কখনোই সংশয় করবেন না”, লিখেন মার্গারেট মিড।

একটি অ্যাফিনিটি গ্রুপ একটি সেলাই সার্কেল বা একটি বাই-সাইকেল মেরামত খানার কালেক্টিভ বা যৌথতা হতে পারে; একটি পেশাগত কাজের জন্য একটু রুটি-রুজির উদ্দেশ্যে একত্রিত হতে পারে কিংবা বহুজাতিক কর্পোরেশনকে তাদের ব্যবসা ছাড়তে বাধ্য করার উদ্দেশ্যে একত্রিত হতে পারে। অ্যাফিনিটি গ্রুপগুলো কমিউনিটি বাগানে চারা রোপণ করছে এবং সেগুলোর সুরক্ষা দিচ্ছে, নির্মাণ করছে এবং দখল নিচ্ছে এবং ভবনগুলো ধ্বংস করে দিচ্ছে, প্রতিবেশীর শিশুযত্ন নেয়ার কর্মসূচি নিচ্ছে এবং বেপরোয়া হরতাল করছে, ব্যক্তিক অ্যাফিনিটি গ্রুপগুলো নিয়মিতভাবে জনপ্রিয় সঙ্গীতে এবং দৃশ্যকলায় বিপ্লব শুরু করে দিচ্ছে। আপনার সবচেয়ে পছন্দের একটি ব্যান্ড একটা অ্যাফিনিটি গ্রুপ। একটি অ্যাফিনিটি গ্রুপ উড়োজাহাজ আবিষ্কার করে। কেউ এই ওয়েব সাইটি পরিচালনা করে।

পাঁচজন লোককে একত্রে সমবেত হতে দিন; একটি অ্যাকশনের আলো জ্বালতে দিন বেঁচে থাকার তীব্র আকুতির পরিবর্তে—সে মুহূর্ত থেকে, হতাশা শেষ হয়ে যায় এবং কৌশলগুলোর যাত্রা শুরু হয়।

সুবিধা একটি অপেক্ষাকৃত ভালো যন্ত্রপাতিসমৃদ্ধ প্রতিপক্ষের বিরুদ্ধে।

## সারসংক্ষেপ টানা

কাজ করতে ঐক্যমত্য এবং সহযোগিতার ভিত্তিতে গঠিত অ্যাফিনিটি গ্রুপ এবং বৃহত্তর কাঠামোর জন্য এটা প্রয়োজনীয় যে সংশ্লিষ্ট প্রত্যেকে কমিটমেন্টে আসতে নিজেদের উপর নির্ভর করতে সমর্থ হবে। যখন একটি পরিকল্পনা হাতে নেয়া হয়, একটি গ্রুপের প্রত্যেক ব্যক্তি এবং একটি ক্লাস্টারের প্রত্যেক গ্রুপ পরিকল্পনা প্রস্তুতি এবং বাস্তবায়নের জন্য এক বা একাধিক ক্রিটিক্যাল আস্পেক্ট বেছে নেবেন এবং সেগুলোর সারসংক্ষেপ বা বটমলাইন টানবেন। একটি প্রকল্প সমাপ্তির কিংবা একটি রিসোর্সের সরবরাহ বস্তুর সারসংক্ষেপ করার অর্থ হল যে কোনভাবে কাজটি সম্পন্নকরণ নিশ্চিত হবে, যাই হোক না কেন। বিক্ষোভের সময় আপনি যদি আপনার গ্রুপের জন্য লিগ্যাল হটলাইন পরিচালনা করার থাকে তাহলে অসুস্থ্য হলেও আপনি এটার জন্য দায়িত্বশীল থাকবেন, যদি আপনার গ্রুপ ব্যানার সরবরাহ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হয় তাহলে তা প্রস্তুত হয়েছে কিনা তা নিশ্চিত করুন, তা যদি সারারাত ধরে বাইরে অবস্থান করার প্রয়োজনও পড়ে, আগের রাতে হলেও, কেননা আপনার অ্যাফিনিটি গ্রুপের অন্যরা সে সময় আসতে অসমর্থ হতে পারে। সময়ের সঙ্গে সঙ্গে কীভাবে সংকট মোকাবিলা করতে হয় তা শিখে যাবেন এবং কাদেরকে আপনি সে কাজের জন্য নির্ভর করতে পারেন—যেমনটা অন্যরাও আপনার উপর কতটা ভরসা রাখতে পারে সে সম্পর্কে শিখতে পারে।

## অ্যাকশনে যাওয়া

কী ঘটতে যাচ্ছে কিংবা কেন কিছু ঘটছে না তা নিয়ে অবাক হওয়া বাদ দিন। আপনার বন্ধুদের সঙ্গে একত্রিত হোন এবং



আমরা এক প্রচণ্ড সময়ের মুখোমুখি। ইতোমধ্যে, লড়াই, আন্দোলন, দাঙ্গা, সংঘর্ষ নিয়মিতভাবে ঘটছে। পথে যে নতুন উত্থান ঘটতে যাচ্ছে তার জন্য সংগঠিত হওয়া অতীব জরুরী।

কিন্তু সংগঠিত হওয়া মানে পূর্ব-বিদ্যমান কোন একটি প্রতিষ্ঠানে সংযুক্ত হওয়া এবং আদেশ গ্রহণ করা নয়। এটার মানে এই নয় যে আপনি আপনার সত্বা ও বুদ্ধিমত্তাকে একটি মেশিনের নাটবল্টু হতে দেবেন। একটি অরাজপথী প্রেক্ষাপট থেকে, সাংগঠনিক কাঠামো প্রত্যেক স্তরে মুক্তি এবং স্বেচ্ছামূলক সংহতিকে সর্বাগ্রে এগিয়ে নেবে, একটি সবচেয়ে ক্ষুদ্র গ্রুপ থেকে সমগ্র সমাজ পর্যন্ত।

আপনি এবং আপনার বন্ধুরা ইতোমধ্যে একটি একটি অ্যাফিনিট গ্রুপ গঠন করেছেন, এই মডেলের অপরিহার্য বিল্ডিং ব্লক বা উপাদান। একটি অ্যাফিনিট গ্রুপ হল বন্ধুদের একটি সার্কেল যারা নিজেদেরকে একটি স্ব-শাসিত রাজনৈতিক শক্তি হিসেবে বুঝতে পারে। আইডিয়া বা ধারণাটা হল মানুষ যারা ইতোমধ্যে নিজেদেরকে চেনেন-জানেন এবং প্রত্যেকে একে অপরকে বিশ্বাস করেন তাদের উচিত একটি উঠতি পরিস্থিতি তাৎক্ষণিকভাবে এবং বিচক্ষণতার সঙ্গে মোকাবিলা করার জন্য একত্রে কাজ করা।

নেতাবিহীন এই ফরম্যাট গেরিলা সব ধরণের কার্যক্রমের জন্য কার্যকরী প্রমাণিত হয়ে আসছে যাতে অসংখ্য অননুমেয় স্ব-স্বাসিত গ্রুপ একটি কেন্দ্রীভূত কর্তৃপক্ষকে ছাপিয়ে ফেলতে পারে। আপনার উচিত আপনার লক্ষ্য এবং সক্ষমতা সম্পর্কে পারস্পারিক বোঝাপড়ার মধ্য দিয়ে একটি অ্যাফিনিটি গ্রুপে প্রত্যেক ডেমোনেস্ট্রশনে অংশ নেয়া। আপনি যদি একটি অ্যাফিনিট গ্রুপে থাকেন যার একসঙ্গে কাজ করার অভিজ্ঞতা রয়েছে, সেখানে আপনি আরও অধিক ভালো প্রস্তুত হবেন জরুরী মুহূর্তগুলো মোকাবিলা করার জন্য এবং অপ্রত্যাশিত সুযোগের সুব্যবহার করার জন্য।

# অ্যাফিনিটি গ্রুপগুলো শক্তিশালী

সংখ্যায় তাদের আকার ছোট হলেও অ্যাফিনিটি গ্রুপগুলো একটি অসামঞ্জস্যপূর্ণভাবে শক্তিশালী প্রভাব অর্জন করতে পারে। প্রথাগত উপর থেকে নিচ কাঠামোর বিপরীতে তারা যে কোন পরিস্থিতিতে খাপ খাইয়ে নিতে নিজেরা মুক্ত, তাদের সিদ্ধান্তগুলো একটি আনুষ্ঠানিক স্বীকৃতির জটিল প্রক্রিয়ার মধ্য দিয়ে অনুমোদনের দরকার হয় না এবং প্রত্যেক অংশগ্রহণকারী কোন আদেশ-নির্দেশের অপেক্ষা ছাড়াই সক্রিয়তা দেখাতে পারে এবং প্রতিক্রিয়া দেখাতে পারে—যদিও প্রত্যেকের কাছ থেকে প্রত্যেকে কি প্রত্যাশা করবে সে সম্পর্কে একটি পরিস্কার ধারণা থাকে। যাতে তাদের মনোবল ভেঙে দিতে না পারে সেজন্য তারা পারস্পরিক শ্রদ্ধা এবং অনুপ্রেরণার মধ্যে সুদৃঢ়ভাবে প্রতিষ্ঠিত। পুঁজিবাদী, ফ্যাসিস্ট এবং সমাজতান্ত্রিক কাঠামোর তুলনায একেবারে বিপরীতে, তারা কোন ধরণের ক্রম-কর্তৃত্বতন্ত্র বা জোর-জবরদস্তিমূলক পদ্ধতি ছাড়াই কাজ করবে। একটি অ্যাফিনিটি গ্রুপে অংশ নেয়া একে অপরের পরিপূরক, মজার হতে পারে এবং কার্যকর হতে পারে।

সর্বাধিক গুরুত্বপূর্ণ বিষয় হল অ্যাফিনিটি গ্রুপগুলো মুনাফা, দায়িত্ব, বা অন্য কোনও ক্ষতিপূরণ বা বিমূর্ততার পরিবর্তে একটি ভাগাভাগি করা আকাঙ্খা এবং বিশ্বসস্ততার দ্বারা অনুপ্রাণিত হয়। একটা ছোট্ট আশ্চর্য যে দাঙ্গা পুলিশের পুরো স্কোয়াডকে অ্যাফিনিটি গ্রুপগুলো দূরে সরিয়ে রাখছে কেবল টিয়ারশেলের খোসা যেগুলো তাদের প্রতি ছুঁড়ে মারা হয়েছিল সেগুলোকে হাতের মুঠোয় নিয়ে।



কিংবা হস্তক্ষেপে আপনার অ্যাফিনিটি গ্রুপের অংশগ্রহণকে অধিকাংশ জনতা খুশী হবে, বিরক্ত বা ভয় পাওয়ার থেকে। তাদের উচিত অ্যাফিনিটি গ্রুপের গুরুত্ব স্বীকার করা এবং নিজেদেরকে নিজেদের কাজে নিযুক্ত করা, এটাকে সফল দেখার পর এবং সে সফলতা থেকে সুবিধা লাভের পরে।

# অন্য অ্যাফিনিটি গ্রুপের সঙ্গে সংগঠিত হোন

একটি অ্যাফিনিটি গ্রুপ অন্যান্য অ্যাফিনিটি গ্রুপের সঙ্গে একত্রে কাজ করা যাকে মাঝেমাঝে একটি ক্লাস্টার বা গুচ্ছও বলে। একটি ক্লাস্টার গঠন একটি বৃহত্তর সংখ্যক ব্যক্তিকে একই উদ্দেশ্য—যেমনটা একটা একক অ্যাফিনিটি গ্রুপের আছে—কাজ করতে পারে। যদি গতি কিংবা নিরাপত্তা আহৃত হয়, প্রত্যেক গ্রুপের প্রতিনিধি সময়ের আগে মিলিত হতে পারে, সমস্ত গ্রুপের পুরোটার চেয়ে; যদি সমন্বয় সার্থক হয় গ্রুপ বা প্রতিনিধিগুলো যোগাযোগের পদ্ধতিগুলো সম্পর্কে আয়োজন করতে পারেন অ্যাকশনের উত্তাপের মধ্যে। একত্রে কয়েকবছর একত্রে সমন্বয় করার মাধ্যমে বিভিন্ন অ্যাফিনিটি গ্রুপ একে অপরকে জানতে যেমনটা তারা নিজেদেরকে জানে তা করতে সমবেত হওয়া, আরও একত্রিতভাবে সন্তুষ্ট এবং সমর্থ হওয়া।

যখন বহুসংখ্যক অ্যাফিনিটি গ্রুপগুলোর বিশেষ করে বৃহত্তর অ্যাকশন সমন্বয় সাধন করার প্রয়োজন হয়—একটি বড় বিক্ষোভের আগে, উদাহরণস্বরূপ—তারা একটি স্পোকস কাউন্সিল বৈঠক করতে পারে, যেখানে বিভিন্ন অ্যাফিনিটি গ্রুপ এবং ক্লাস্টারগুলো তাদের উদ্দেশ্যগুলো সম্পর্কে একে অপরকে জানাতে পারে। স্পোকস কাউন্সিলগুলো খুব কমই একতা তৈরি করতে পারে, তবে তারা বিভিন্ন ধরণের ইচ্ছা এবং দৃষ্টিকোণগুলো সম্পর্কে অংশগ্রহণকারীদের অবগত করতে পারে। স্বাধীনতা এবং স্বত:স্ফূর্ততা যা ঐ বিকেন্দ্রীকরণ সরবরাহ করে তা সাধারণত আমাদের বৃহত্তর

কোন কাঠামো কার্যকর করতে পারেন যা ব্যবহার উপযোগী যদি আপনার প্রত্যাশার বাইরের দৃশ্যাবলীর উদ্ভব হয়। এটার অর্থ এই হতে পারে যে রিসোর্সগুলো প্রস্তুত করা (যেমন ব্যানার, মেডিকেল সরবরাহ কিংবা পাপমূলক যন্ত্রপাতি), আভ্যন্তরীণ ভূমিকা ভাগ করে নেয়া (উদাহরণস্বরূপ, স্কাউন্টিং, যোগাযোগ, মেডিক, মিডিয়া মুখপাত্র), যোগাযোগ ব্যবস্থা প্রতিষ্ঠা করা (যেমন বার্নার ফোনস কিংবা কোডেড ফ্রেজ যা নিরাপদে তথ্য সরবরাহে সহায়তা করবে), সাধারণ কৌশলপত্র প্রস্তুত করা (উদাহরণস্বরূপ, কনফিউজিং পরিবেশে একজন আরেকজনের দিকে খেয়াল রাখা), জরুরী স্কেপরুট চিত্রায়িত করা কিংবা ক্ষেত্র বিশেষে আইনী সহায়তা প্রস্তুত করা যদি কেউ গ্রেফতার হন।

একটি অ্যাকশনের পরে একটি বিচক্ষণ অ্যাফিনিটি গ্রুপ (যদি প্রয়োজন হয়, একটি নিশ্চিত নিরাপদ জায়গায় কোন ধরণের ইলেক্ট্রনিক্স ছাড়াই) আলোচনা করতে সমবেত হবেন, কি ভালো গেল, কীভাবে আরও ভালো হতে পারতো এবং পরবর্তীতে কি আসছে প্রভৃতি বিষয়ে আলোচনা করতে সমবেত হবেন।

# বিচক্ষণতা এবং কৌশল

একটি অ্যাফিনিটি গ্রুপ নিজেই নিজের কাছে জবাবদিহি করে-এটা হল এর অন্যতম শক্তি। অন্যান্য সংগঠনের প্রক্রিয়াগত প্রোটোকল দ্বারা তাদের উপর চাপ ফেলার কোন সুযোগ নেই,আগন্তুকের সঙ্গে ঐক্যমত্যে পৌঁছাতে যে জটিলতা কিংবা একটি বডির কাছে জবাবদিহি করার যে সীমাবদ্ধতা তা তাৎক্ষণিকভাবে অ্যাকশনে সংশ্লিষ্ট নয়।

একই সঙ্গে, ঠিক যেমন একটি অ্যাফিনিট গ্রুপের সদস্য একে অপরের সঙ্গে ঐক্যবদ্ধ হওয়ার চেষ্টা করে, প্রত্যেক গ্রুপের উচিত অন্যান্য গ্রুপ বা ব্যক্তির সঙ্গে বিবেচনাপ্রসূত সম্পর্ক গড়ে তোলা—কমপক্ষে প্রত্যকের দৃষ্টিভঙ্গির পরিপূরক করে তোলা, যদিও অন্যান্যরা এই অবদানের মূল্য বুঝতে পারে না। আদর্শগতভাবে, একটি পরিস্থিতিতে অংশগ্রহণ



# অ্যাফিনিটি গ্রুপ একটি নমনীয় মডেল

কিছু অ্যাফিনিটি গ্রুপ আনুষ্ঠানিক এবং ইমারসিভ: অংশগ্রহণকারীরা সাধারণভাবে একত্রে বসবাস করে সবকিছুই একে অপরের সঙ্গে ভাগাভাগি করে। কিন্তু একটি অ্যাফিনিট গ্রুপের একটি স্থায়ী আয়োজনের প্রয়োজন নেই। এটা একটা বাস্তব সুবিধার কাঠামো, একটি প্রকল্প-সময়ের জন্য আগ্রহী এবং বিশ্বস্ত মানুষদেরকে একত্রিত হতে পারার একটি কাঠামো হিসেবে সার্ভ করতে পারে।

একটি বিশেষ টিম একটি অ্যাফিনিটি গ্রুপ হিসেবে বার বার একত্রে কাজ করতে পারে কিন্তু সদস্যরা নিজেরা ছোট ছোট অ্যাফিনিট গ্রুপে ভেঙে ভেঙে কাজ করতে পারে, অন্যান্য অ্যাফিনিট গ্রুপে অংশ নিতে পারে কিংবা অ্যাফিনিট গ্রুপ কাঠামোর বাইরেও কাজ করতে পারে। ঐক্যবদ্ধ এবং সংগঠিত হতে মুক্ত থাকার বিষয়টা যেমনটা প্রত্যেক ব্যক্তি একে অপরের প্রতি ঠিকভাবে দেখে তা হলো অরাজপথের একটি মূলনীতি; এটা প্রাচুর্যতাকে সায় দেয়, সুতরাং সমষ্ঠির কার্যক্রমে কোন একক ব্যক্তি কিংবা গ্রুপ প্রয়োজনীয় নয় এবং বিভিন্ন গ্রুপ প্রয়োজন অনুসারে পুনর্গঠিত হতে পারে।

# আপনার জন্য সঠিক সংখ্যা বেছে নিন

আপনার লক্ষ্যের উপর ভিত্তি করে একটি অ্যাফিনিটি গ্রুপ দুই থেকে সম্ভবত পনের জন ব্যক্তির সমন্বয়ে হতে পারে। যাহোক, কোন গ্রুপই খুব বেশি সংখ্যায় হওয়া উচিত নয় যাতে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে অআনুষ্ঠানিক আলোচনা করা অসম্ভব। প্রয়োজন অনুসারে আপনি দুই বা ততোধিক গ্রুপে কাজ করতে পারেন। যেমন ধরুন, অ্যাকশনে, যেখানে গাড়ি চালানো প্রয়োজন হবে, তার জন্য সহজ ব্যবস্থা হল প্রত্যেক অ্যাফিনিটি গ্রুপে একজন করে ‘চালক’ সঙ্গে থাকা।

# একে অপরকে আন্তরিকভাবে জানুন

প্রত্যেকে প্রত্যেকের শক্তি এবং দুর্বলতাগুলো এবং ব্যাকগ্রাউন্ড সম্পর্কে জানুন যাতে আপনি কার্যক্রমে প্রত্যকে প্রত্যকের সম্পর্কে ধারণা রাখতে পারেন। প্রত্যেক পরিস্থিতির জন্য আপনার বিশ্লেষণ আলোচনা করুন এবং কী মূল্যায়ন করা যায় তা শনাক্ত করুন—কোথায় মিলেছে, কোথায় পরিপূরক এবং কোথায় ভিন্নতা তা চিহ্নিত করুন যাতে আপনি দ্বিতীয় সিদ্ধান্তে যেতে প্রস্তুত হবেন।

রাজনৈতিক ঘনিষ্ঠতা বিকাশের একটি উপায় হল বইপত্র একসঙ্গে পাঠ করা এবং আলোচনা করা কিন্তু মাঠের অভিজ্ঞতার উপরে এটা কিছুই না। ধীরে ধীরে শুরু করুন যাতে বোঝা না হয়ে যায়। আপনি যখন একটি সাধারণ ভাষা এবং স্বাস্থ্যকর আভ্যন্তরীণ গতিবিধি প্রতিষ্ঠা করতে পারবেন, আপনি তখনই উদ্দেশ্যগুলো শনাক্ত করে কাজ রুপ দিতে সমর্থ হবেন, একটি পরিকল্পনার প্রস্তুতি নিতে তৈরি থাকবেন এবং অ্যাকশনে যেতে পারবেন।

# আপনার জন্য উপযুক্ত নিরাপত্তা কৌশল বেছে নিন

অ্যাফিনিটি গ্রুপ অনুপ্রবেশ প্রতিরোধী কেননা প্রত্যেক সদস্য প্রত্যেকের সঙ্গে তারা তাদের নিজেদের ইতিহাস এবং ঘনিষ্ঠতা ভাগাভাগি করে এবং এই গ্রুপের বাইরে তাদের পরিকল্পনা এবং কার্যক্রম সম্পর্কে কারও অবগত হওয়ার প্রয়োজন হয় না।

একবার সংগঠিত হলে একটি অ্যাফিনিটি গ্রুপের উচিত একটি ভাগাভাগি করা নিরাপত্তামূলক ব্যবস্থা প্রতিষ্ঠা করা এবং লেগে থাকা। কিছু ক্ষেত্রে, আপনি প্রকাশ্য হতে এবং কার্যক্রম সম্পর্কে স্বচ্ছ হতে সমর্থ হবেন। কিছু ক্ষেত্রে, গ্রুপের ভিতরে কি ঘটছে তা গ্রুপের বাইরে কখনোই বলা উচিত



নয়, এমনকি যদিও সে কার্যক্রম অনেক আগেই সমাপ্ত হয়ে গেছে। কিছু ক্ষেত্রে, গ্রুপের সদস্য ছাড়া কেউ-ই এটা জানবে না এটা আছে কি নেই। আপনি যে অ্যাফিনিটি গ্রুপ গঠন করেছেন তা বাইরের কাউকে জানানো ছাড়াই আপনি এবং আপনার কমরেডস অ্যাকশনের জন্য আলোচনা এবং প্রস্তুতি নিতে পারেন।

# একত্রে সিদ্ধা ন্ত নিন

অ্যাফিনিটি গ্রুপগুলো সাধারনত সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণের মাধ্যমে পরিচালিত হয়: সংশ্লিষ্ট প্রত্যক ব্যক্তির প্রয়োজন এবং আকাঙ্ক্ষা অনুযায়ী সিদ্ধান্ত যৌথভাবে গৃহীত হয়। গণতান্ত্রিক ভোটভিক্ষা ব্যবস্থায় যেখানে সংখ্যাগরিষ্ঠরা পার পেয়ে যায় এবং সংখ্যালঘুদেরকে চুপ করে থাকতে হয় তা অ্যাফিনিট গ্রুপে ঘৃণিতবস্তু, এ জন্য একটি গ্রুপের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য এবং চাপের মধ্যে একত্রে কাজ করার জন্য প্রত্যেক সংশ্লিষ্ট ব্যক্তি অবশ্যই সন্তুষ্ট থাকবে। যে কোন অ্যাকশনের আগে একটি গ্রুপের সদস্যরা তাদের ব্যক্তিগত এবং কালেক্টিভ লক্ষ্যগুলোর উপর ভিত্তি করে প্রতিষ্ঠিত হওয়া উচিত, কি ধরণের ঝুঁকি নিতে তারা প্রস্তুত এবং তাদের প্রত্যেকের কী ধরণের আশা-আকাঙ্ক্ষা তার উপর ভিত্তি করে গঠিত হওয়া উচিত। এসব নির্ধারিত হয়ে গেলে তারা তাদের একটি পরিকল্পনা হাজির করতে পারে।

যেহেতু অ্যাকশন পরিস্থিতিগুলো সর্বদা অনির্দেশ্য এবং পরিকল্পনাগুলো কদাচিৎ প্রত্যাশিত হয়-যেমনটা আশা করা হয় সে অনুসারে হয় না, তাই এর প্রস্তুতির জন্য দ্বৈত পদ্ধতির কাজে লাগানো যেতে পারে। অন্যদিকে, আপনি বিভিন্ন ধরণের দৃশ্যের জন্য পরিকল্পনা তৈরি করতে পারেন: যদি অ ঘটে, আমরা প্রত্যেকে বিষয়টা অবগত করবো ই মাধ্যমের সাহায্যে এবং পরিকল্পনা আ-তে সুইচ করবো; যদি যোগাযোগের ই মাধ্যম অসম্ভব হয় তাহলে আমরা ক-জায়গায় ও-সময়ে সমবেত হব। অপরদিকে, আপনি যে